

# দ্বিতীয় ইতিকালবে



অর্থ 1 J FEB 1988  
পৃষ্ঠা 3

*S*

## সাংবাদিক সম্মেলনে রোকেয়া হল ও শামসুমাহার হল পরিষদ নেতৃদের অভিযোগ

॥ স্টাফ রিপোর্টার ॥

গুরুকাল (শুক্রবার) জাতীয় প্রেস ক্লাবে  
রোকেয়া ও শামসুমাহার হলের ছাত্র  
সংগ্রাম পরিষদের ছাত্রদের এক  
সাংবাদিক সম্মেলনে অভিযোগ করা হয়।  
যে, গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়  
এলাকায় পুলিশের উপস্থিতিতেই  
ছাত্রদের মিছিলে হামলা চালানো হয়।

ছাত্রদের আর্ত চিকিৎসার পরও

শেষ পঃ ৫-এর কং দেখুন

## নেতৃদের আভিযোগ

প্রথম পঠার পর  
হামলাকারীদের প্রতিরোধে কোন  
পদক্ষেপ গ্রহণ করা হয়নি বলে নেতৃবৃন্দ  
উল্লেখ করেন।

শামসুমাহার হলের ডিপি মনিরা রহমান  
বলেন, রোকেয়া হলের ভেতর বেশ কিছু  
ছাত্রী সঙ্গাস সৃষ্টি করে। মিছিলে হামলার  
পর ছাত্রীরা দৌড়ে হলে প্রবেশ করতে  
গেলে কতিপয় ছাত্রী গেইটে বাধা দেয়।  
বাতে প্রতিটি কক্ষে হামলা চালানোর  
হুমকি দেয়া হলে ছাত্রদের মধ্যে আতঙ্ক  
ছড়িয়ে পড়ে।

এক পঞ্জীয়ের জবাবে মনিরা বলেন,  
আতঙ্কের কারণে আনেক ছাত্রী হল  
থেকে চলে গেছে। গত বৃহস্পতিবার  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট নিরাপত্তার  
জন্যে লিখিতভাবে জানানোর পরও কোন  
প্রকার জবাব পাওয়া যায়নি। বেশ কিছু  
ছাত্রীর কাছে ঘৃত বৃহস্পতিবার পিস্তল  
ছিল বলে মনিরা সাংবাদিকদের জানান।  
তিনি রোকেয়া ও শামসুমাহার হলের প্রায়

১৬ জন ছাত্রীকে বহিকার করার দায়ীও  
জানান।

সাংবাদিক সম্মেলনে শামসুমাহার হলের  
জিএস শাহিদা ইয়াসমিন, রোকেয়া হলের  
ডিপি গুলশান মাহমুদ, জিএস নাজমা  
আখতার ও অন্যান্য ছাত্রীর উপস্থিত  
ছিলেন।

শাস্তি দাবী

ডাকসু নির্বাচনের পর বিজয় মিছিলে  
হামলাকারীদের দস্তাস্তমূলক শাস্তি দাবী  
করে। বাংলাদেশ মহিলা পরিষদ,  
কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, ঢাকা  
বিশ্ববিদ্যালয় গবেষক সমিতি, ছাত্র জীব  
(খো-ই), জাতীয় ছাত্র আদোলন, ছাত্র  
কেন্দ্র, প্রমুখ সংগঠন বিবৃতি দিয়েছে।

183